| নাম | ঠিকানা | সেবা প্রদানের সময় |
|---|---|---|
| বি.এ.ভি.এ.এস (ক্লিনিক + ফার্মেসি) | আজহার ম্যানশন, টিসি রোড, মিজমিজি সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ ০১৯২৮০৪৫৪৪৬ | সকাল ০৯ টা থেকে বিকাল ০৪ টা |
| সূর্যমুখী ক্লিনিক, উইলসন রোড, বন্দর (ক্লিনিক + ফার্মেসি) | ৬৩১/১, উইলসন রোড, র‍্যালি, বন্দর, নারায়ণগঞ্জ ০১৭১৫৮৭৭৩৪৭ | সকাল ০৯ টা থেকে বিকাল ০৪ টা |
| সূর্যমুখী ক্লিনিক, সুমিলপাড়া (ক্লিনিক + ফার্মেসি) | সুমিলপাড়া, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ ০১৬৩২০২০৯০২ | সকাল ০৯ টা থেকে বিকাল ০৪ টা |
| সূর্যের হাসি নেটওয়ার্ক, কুতুবপুর (ক্লিনিক + ফার্মেসি) | পশ্চিম লামাপাড়া, কুতুবপুর, নারায়ণগঞ্জ ০১৭০৬২৬০৬৩২ | সকাল ০৯ টা থেকে বিকাল ০৪ টা |
| আলো ক্লিনিক (আরবান প্রাইমারি মডেল হেলথকেয়ার প্রজেক্ট) (ক্লিনিক + ফার্মেসি) | পদ্মা সিটি প্লাজা-৩, টান বাজার, নারায়ণগঞ্জ ০১৭২২১০১৭৬৭ | সকাল ০৮:৩০ টা থেকে রাত ০৯:৩০ টা |
| মেডিনোভা মেডিকেল সার্ভিস লিমিটেড (ডায়গনস্টিক সেন্টার + ফার্মেসি) | জাকির সুপার মার্কেট, ১৪৫, বি বি রোড, চাষাড়া, নারায়ণগঞ্জ ০১৭১২২২১৬৭৯, ০১৭২৯০৯৪০১৭ | ২৪/৭ |
| মর্ডান ডায়াগনস্টিক সেন্টার (ডায়গনস্টিক সেন্টার + ফার্মেসি) | চাষাড়া, বালুর মাঠ, নারায়ণগঞ্জ ০১৭১১৪৭৬১৩১ | ২৪/৭ |
| ব্র্যাক, নারায়ণগঞ্জ (শুধুমাত্র টিবি কন্ট্রোল সুবিধা) (ক্লিনিক + ফার্মেসি) | ব্র্যাক সদর অফিস, জামতলা, ঈদগাহ মাঠ, নারায়ণগঞ্জ ০১৭৮৮৫০৭২৮৯ | সকাল ০৯ টা থেকে বিকাল ০৪ টা |
| ভিক্টোরিয়া জেনারেল হাসপাতাল (শুধুমাত্র রেফার করলে) (হাসপাতাল + ফার্মেসি) | বি বি রোড, নারায়ণগঞ্জ ০১৭৩১১৫২৭১১ | ২৪/৭ |
| খানপুর ৩০০ শয্যা হাসপাতাল (হাসপাতাল + ফার্মেসি) | ১৭/১ ঈসা খাঁ রোড, নারায়ণগঞ্জ ০১৯১৯৪০৩০৫৮ | ২৪/৭ |


প্রকল্পের বিস্তারিত তথ্য জানতে যোগাযোগ করুন:
টাউন ম্যানেজার
প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্প
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, নারায়ণগঞ্জ

ইমেইল: info@urbanpovertybd.org; info@hislbd.com

অথবা ভিজিট করুন:
www.liupcp-health.com
www.ubanpovertybd.org
www.hislbd.com


## শহরের প্রান্তিক জনগোষ্ঠীর জন্য ডিজিটাল স্বাস্থ্যসেবা ও মাইক্রো হেলথ ইন্সুরেন্স....

- ডিজিটাল মাধ্যমে স্বাস্থ্য তথ্য সংরক্ষণ
- ২৪/৭ ডাক্তারের পরামর্শ
- মাইক্রো হেলথ ইন্সুরেন্স
- হেলথ ভাউচার

যে কোনো সময় স্বাস্থ্য সেবা পেতে
কল করুন **১৬৬৪৩** নম্বরে অথবা
ডাউনলোড করুন Daktarbhai অ্যাপ




**প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্প**
**নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন**
**স্থানীয় সরকার বিভাগ**
**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

## ডিজিটাল মাধ্যমে স্বাস্থ্য তথ্য সংরক্ষণ ও ব্যবহার

উপকারভোগীগণ প্রয়োজনীয় স্বাস্থ্য তথ্য যেমন: স্বাস্থ্য সমস্যা, প্রেসক্রিপশন, ডায়গনস্টিক পরীক্ষার ফলাফল ডাক্তারভাই অ্যাপের মাধ্যমে ডিজিটালি সংরক্ষণ করতে পারবেন। উপকারভোগীগণ খুব সহজেই ডাক্তারভাই অ্যাপের মাধ্যমে যেকোনো সময় তাদের সংরক্ষিত স্বাস্থ্যের তথ্য দেখতে পারবেন এবং প্রয়োজনে চিকিৎসকসহ যে কারো সাথে শেয়ার ও ব্যবহার করতে পারবেন।

## ২৪/৭ ডাক্তারের স্বাস্থ্য বিষয়ক পরামর্শ ও ই-প্রেসক্রিপশন

উপকারভোগীগণ ডাক্তারভাই অ্যাপের মাধ্যমে অথবা ১৬৬৪৩ নম্বরে কল করে ২৪/৭ ঘন্টা (অথাৎ দিন রাত যেকোন সময়) সরাসরি ডাক্তারের সাথে স্বাস্থ্য সম্পর্কিত যেকোন বিষয় বা সমস্যা নিয়ে কথা বলতে পারবেন এবং মোবাইল এসএমএস অথবা ডাক্তারভাই অ্যাপ এর মাধ্যমে ই-প্রেসক্রিপশন সেবা গ্রহণ করতে পারবেন।

## মাইক্রো হেলথ ইন্সুরেন্স কাভারেজ/সেবা

| বহির্বিভাগ চিকিৎসা বীমা কাভারেজ | হাসপাতালে ভর্তি ও চিকিৎসা বীমা কাভারেজ | জীবন বীমা কাভারেজ |
|---|---|---|
| সর্বোচ্চ ২,২৫০ টাকার সমপরিমাণ | সর্বোচ্চ ২২,৫০০ টাকার সমপরিমাণ | সর্বোচ্চ ১৫,০০০ টাকার সমপরিমাণ |

**বহির্বিভাগ চিকিৎসা বীমা কভারেজ:** উপকারভোগী বহির্বিভাগে স্বাস্থ্য সেবা অর্থাৎ নির্দিষ্ট হাসপাতাল এবং ক্লিনিক-এর বহির্বিভাগে প্রদানকৃত চিকিৎসা সেবা প্রকল্প মেয়াদে সর্বোচ্চ ২,২৫০ টাকার সমপরিমাণ বীমা কভারেজ পাবে। প্রথম ১২ মাসে ১৫০০ টাকা এবং পরবর্তী ৬ মাসে ৭৫০ টাকা বীমা কভারেজ পাবে। একজন উপকারভোগী এক বারে বহির্বিভাগে চিকিৎসা সেবার জন্য সর্বোচ্চ ৫০০ টাকার সমপরিমাণ বীমা সুবিধা নিতে পারবেন। এই ৫০০ টাকার বীমাসুবিধার আনুপাতিক হার হচ্ছে: ৪০ শতাংশ চিকিৎসকের পরামর্শ ফি, ৪০ শতাংশ ডায়াগনস্টিক পরীক্ষা ফি ও ২০ শতাংশ ঔষধ ক্রয়ের বিল সুবিধা নিতে পারবেন। একজন উপকারভোগী বছরে সর্বোচ্চ ৩ বার এই সুবিধা গ্রহণ করতে পারবেন।

**হাসপাতালে ভর্তি ও চিকিৎসা বীমা কভারেজ:** একজন উপকারভোগী হাসপাতালে ভর্তি ও সকল চিকিৎসা সেবার জন্য প্রকল্প মেয়াদে সর্বোচ্চ ২২,৫০০ টাকার সমপরিমাণ বীমা কভারেজ পাবেন। উপকারভোগীকে চিকিৎসার জন্য হাসপাতালে ভর্তির প্রয়োজন হলে অবশ্যই নির্দিষ্ট হাসপাতাল বা ক্লিনিকে ভর্তি হতে হবে। উপকারভোগী হাসপাতালে ভর্তি ও সকল চিকিৎসা বাবদ প্রকল্পের প্রথম ১২ মাস ১৫,০০০ টাকা এবং পরবর্তী ৬ মাস ৭,৫০০ টাকার বীমা সুবিধা পাবেন। গর্ভবতীদের ক্ষেত্রে একবারে সর্বমোট ৫০০০ টাকা সমপরিমাণ (প্রতিরাতে ১০০০ টাকা করে সর্বোচ্চ ৫ রাত) পর্যন্ত হাসপাতালে ভর্তি বাবদ ইন্সুরেন্স কভারেজ পাবেন এবং অন্যান্যদের ক্ষেত্রে একবারে সর্বমোট ৩০০০ টাকা সমপরিমাণ (প্রতিরাতে ১০০০ টাকা করে সর্বোচ্চ ৩ রাত) পর্যন্ত হাসপাতালে ভর্তি বাবদ ইন্সুরেন্স কভারেজ পাবেন।

**জীবন বীমাঃ:** উপকারভোগী মৃত্যু বরণ করলে তার মনোনীত ব্যক্তি সর্বোচ্চ ১৫,০০০ টাকা জীবন বীমার সুবিধা পাবেন। এখানে উল্লেখ্য যে, এইচআইভি এইডস রোগের কারণে ও আত্মহত্যাজনিত কারণে মৃত ব্যক্তিগণ এই সুবিধা পাবেন না।

## ২৪/৭ কাস্টমার কেয়ার সার্ভিস


উপকারভোগীগণ ডিজিটাল স্বাস্থ্য ও মাইক্রো হেলথ ইন্সুরেন্স সেবা গ্রহণের ক্ষেত্রে যেকোনো ধরনের সমস্যার সম্মুখীন হলে ২৪/৭ (দিন-রাত যেকোন সময়) কাস্টমার কেয়ার ১৬৬৪৩ নাম্বারে ফোন দিয়ে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করতে পারবেন ও সুবিধা গ্রহণ করতে পারবেন।

## হেলথ স্কিম ভাউচার সেবা

উপকারভোগীগণের মধ্যে হেলথ স্কিম ভাউচার (কার্ড) প্রাপ্ত বিশেষ কিছু উপকারভোগী (প্রতিবন্ধী ব্যক্তি, বিধবা ইত্যাদি) বহির্বিভাগ চিকিৎসা বীমা কভারেজ, হাসপাতালে ভর্তি ও চিকিৎসা বীমা কভারেজ এবং জীবন বীমার পাশাপাশি ডিজিটাল স্বাস্থ্য সেবা প্রদানকারী নির্দিষ্ট ফার্মেসি ও ডায়াগনস্টিক সেন্টার থেকে প্রকল্প মেয়াদে প্রতি তিনমাসে মোট ৬ বার নিম্নোক্ত সহায়তা পাবেন:

| ঔষধ বাবদ | ডায়াগনস্টিক টেস্ট বাবদ |
|---|---|
| সর্বোচ্চ ৩০০ টাকা পর্যন্ত | সর্বোচ্চ ৩০০ টাকা পর্যন্ত |

## ডিজিটাল স্বাস্থ্য ও মাইক্রোহেলথ ইন্সুরেন্স সার্ভিস ডায়াগ্রাম




## ডিজিটাল স্বাস্থ্য ও মাইক্রোহেলথ ইন্সুরেন্স সেবার আওতাভূক্ত হাসপাতাল, ক্লিনিক, ডায়গনস্টিক সেন্টার ও ফার্মেসির তালিকা:

| নাম | ঠিকানা | সেবা প্রদানের সময় |
|---|---|---|
| নগর স্বাস্থ্য কেন্দ্র ০১ (হাসপাতাল + ফার্মেসি) | দক্ষিণ লক্ষনখোলা, নারায়ণগঞ্জ ০১৭৬৮৪৬৪০২৬ | সকাল ০৯ টা থেকে বিকাল ০৪ টা |
| নগর স্বাস্থ্য কেন্দ্র ০২ (হাসপাতাল + ফার্মেসি) | গোদনাইল, চৌধুরী বাড়ি, নারায়ণগঞ্জ ০১৬৮১০৬৮৪৭২ | সকাল ০৯ টা থেকে বিকাল ০৪ টা |
| নগর স্বাস্থ্য কেন্দ্র ০৩ (হাসপাতাল + ফার্মেসি) | ২২৮/৩, আলী আহমেদ চুনকা রোড, পশ্চিম দেওভোগ, নারায়ণগঞ্জ ০১৬৮০৬১৬৬৭৪ | সকাল ০৯ টা থেকে বিকাল ০৪ টা |
| নগর মাতৃ-সদন হাসপাতাল (হাসপাতাল + ফার্মেসি) | ৯৫/১, শাহী মসজিদ রোড, বন্দর, নারায়ণগঞ্জ ০১৭২৮৭৮৮৫৮৫ | ২৪/৭ |
| প্রো-অ্যাকটিভ মেডিকেল কলেজ এবং হাসপাতাল (হাসপাতাল + ফার্মেসি) | সাইনবোর্ড মোড়, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ ০১৯০২৫৫৬১৫২ | ২৪/৭ |
| সূর্যের হাসি নেটওয়ার্ক, পাইকপাড়া (ক্লিনিক + ফার্মেসি) | ৩৪২/৩, শাহ সুজা রোড, ভূইয়া পাড়া, পাইকপাড়া, নারায়ণগঞ্জ ০১৯১৫২১৩৪৮, ০১৭৫১৩৬৫৯৪৫ | সকাল ০৯ টা থেকে বিকাল ০৪ টা |
| সূর্যের হাসি নেটওয়ার্ক, হিরাঝিল (ক্লিনিক + ফার্মেসি) | ১৪, হিরাঝিল, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ ০১৩০২২৬৭৮১৭ | সকাল ০৯ টা থেকে বিকাল ০৪ টা |